

## বাংলা স্নাতক স্তরীয় ইন্টার্নশিপ প্রোগ্রাম ২০২৫ এর রিপোর্ট

জাতীয় শিক্ষা নীতি-২০২০ ইন্টার্নশিপ সংক্রান্ত নির্দেশাবলির ওপর ভিত্তি করে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানববিদ্যা অনুষদের অন্তর্গত 'ভাষা, অনুবাদ ও সংস্কৃতিচর্চা কেন্দ্র' এবং বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের যৌথ উদ্যোগে বাংলা স্নাতক স্তরীয় ইন্টার্নশিপ প্রোগ্রাম ২০২৫ আয়োজিত হয়। ১৫ জুলাই থেকে ১৫ অগাস্ট, ২০২৫ পর্যন্ত ভর্তি প্রক্রিয়া পরিচালিত হয়। বাংলা স্নাতক স্তর এবং অন্যান্য মানববিদ্যা এবং সমাজবিজ্ঞান শাখার শিক্ষার্থীরা ইন্টার্ন হিসেবে এই কোর্সে যোগদান করেন।

কোর্সের কাঠামো:

1. NEP 2020-র নির্ধারিত কাঠামোর ভিত্তিতে ৪ ক্রেডিটের ইন্টার্নশিপ প্রোগ্রামটিকে তিনমাসে ১২০ ঘন্টায় সাজানো হয়। সেপ্টেম্বর-অক্টোবর-নভেম্বর তিন মাস ব্যাপী এই ইন্টার্নশিপ প্রোগ্রাম পরিচালিত হয়।
2. ২৬শে আগস্ট, ২০২৫ উদ্বোধনী অনুষ্ঠানের মধ্যে দিয়ে ইন্টার্নশিপ প্রোগ্রামের সূচনা ঘটে এবং ১৬ই নভেম্বর সল্টলেকের মূল প্রশাসনিক ভবনে শংসাপত্র প্রদান এবং সমাপ্তি অনুষ্ঠান আয়োজিত হয়।  
উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন— মানববিদ্যা অনুষদের ভারপ্রাপ্ত আধিকারিক ড. শ্রীদীপ মুখার্জি, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের বিভাগীয় প্রধান এবং ভাষা, অনুবাদ ও সংস্কৃতি চর্চা কেন্দ্রের কোঅর্ডিনেটর অধ্যাপক মননকুমার মণ্ডল, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. রাজেশ্বর সিন্হা সহ নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপকবৃন্দ।
3. বাংলা ইন্টার্নশিপ প্রোগ্রাম হাইব্রিড মোডে (অনলাইন ও অফলাইন) পরিচালিত হয়। সপ্তাহে দু'দিন (মূলত মঙ্গলবার ও বৃহস্পতিবার) দু'ঘন্টা করে অনলাইন মাধ্যমে ক্লাস পরিচালিত হয়। এছাড়াও প্রতি কেন্দ্রে প্রতি মাসে একটি করে, অর্থাৎ মোট তিনটি অফলাইন সেশন সংগঠিত হয়। প্রতিমাসে অফলাইন সেশনে ওয়ার্কশপ, হাতে-কলমে প্রশিক্ষণ (Hands on Training), গ্রুপ ডিসকাশন আয়োজন করা হয়।
4. NSOU Learning Management System (LMS) এর মাধ্যমে ইন্টার্নশিপ প্রোগ্রাম পরিচালিত হয়েছে। অনলাইন ক্লাসগুলি LMS-এর মাধ্যমে এবং অফলাইন সেশনগুলি দুর্গাপুর আঞ্চলিক কেন্দ্র এবং সল্টলেকের মূল প্রশাসনিক ভবনে আয়োজিত হয়েছে।
5. নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের সকল অধ্যাপক, স্নাতক-স্নাতকোত্তর বিষয় সমিতির অধ্যাপকগণ, বিশেষজ্ঞগণ ইন্টার্নশিপ প্রোগ্রামে শিক্ষাদান করেছেন।
6. **ইন্টার্নশিপ প্রোগ্রামের শিক্ষণীয় বিষয়:** বাংলা ব্যাকরণ ও বানান বিধি, বাংলা অভিধান চর্চা, পেশাদারি ক্ষেত্রে বাংলা ভাষায় প্রয়োগ (প্রতিবেদন রচনা, প্রুফ সংশোধন, কম্পিউটারের প্রয়োগ, অনুলিখন পদ্ধতি, প্রশাসনিক শব্দাবলি, রিপোর্টাজ, সংবাদ রচনা, মুদ্রণ ও প্রকাশন, বিজ্ঞাপন), সৃজনাত্মক রচনা, সমালোচনা/ বুক রিভিউ (সাহিত্যগ্রন্থ, চলচ্চিত্র, নাটক), বাংলা লৌকিক সংস্কৃতি, ক্ষেত্রসমীক্ষা, চিরায়ত বাংলা সাহিত্যপাঠ, গবেষণা-পদ্ধতি ও প্রকরণ, গবেষণা প্রকল্প রচনা।

প্রতিটি বিষয় ভিত্তিক ক্লাসের পর, এক বা একাধিক আসসাইনমেন্ট এবং ডাউট ক্লিয়ারিং সেশন, অ্যাসাইনমেন্ট সম্বন্ধীয় আলোচনার ব্যবস্থা করা হয়। এছাড়াও অফলাইনে প্রুফ-সংশোধন, গ্রন্থ সমালোচনা, ক্ষেত্রসমীক্ষা, বানান-বিধির মতো বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ইন্টার্নশিপ প্রোগ্রামের শিক্ষণীয় বিষয়ের ওপর নির্ভর করে শিক্ষার্থীরা অনলাইন মাধ্যমে প্রেজেন্টেশন বা উপস্থাপনা প্রদান করেন।

- ইন্টার্নশিপ প্রোগ্রামের শেষদিনে শিক্ষার্থীদের পূরণ করা ইন্টার্নশিপ রিপোর্ট, লগ-বুক স্বাক্ষর করে, শিক্ষার্থীদের শংসাপত্র প্রদানের মধ্যে দিয়ে বাংলা স্নাতক স্তরীয় ইন্টার্নশিপ প্রোগ্রাম ২০২৫ এর সমাপ্তি ঘোষণা করা হয়।

ধন্যবাদান্তে,  
গীতশ্রী সরকার  
সহকারী অধ্যাপক, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়